

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(এনডিআরসিসি)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৮.২০১৬-২৪৬

তারিখ: ০৬/০৮/২০১৬ খ্রিঃ।

## বিষয়ঃ আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির প্রেক্ষিতে করনীয় প্রসংগে।

### ১। সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি (সুত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

#### সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি (Latest Weather Situation)

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে ভারতের উত্তর উড়িষ্যা ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশ উপকূলীয় এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিনি) নম্বর পুনঃ ০৩ (তিনি) নম্বর স্থানীয় সতর্কতা সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

অমাবস্যার প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষ্মীপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ২-৩ ফুট অধিক উচ্চতার জোয়ারের পানিতে পন্থাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আবহাওয়া বিভাগ কর্তৃক উত্তর সতর্কতা জারীর প্রেক্ষিতে ‘দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলী’ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-  
ভারপ্রাপ্ত কর্মকর্তা  
এনডিআরসিসি  
ফোনঃ ৯৫৪৫১৫

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল।
- ০২। জেলা প্রশাসক (সকল), চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ।

#### সদয় অবগতির জন্যঃ (জেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (দুর্যোগ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। মহা পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। এনপিডি, সিডিএমপি, ঢাকা।
- ৬। যুগ্ম-সচিব (ত্রাণ)/(দুর্যোগ)/(প্রশাসন)/(দুর্যোগ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, সিপিপি, মগবাজার, ঢাকা।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।